যুগান্তর

তারিখ 07 NOV 2017
পৃষ্ঠা ... কলাম ...

অবশেষে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা স্থগিত

কুবি প্রতিনিধি

উপাচার্য ভর্তি পরীক্ষা বানচালের চেষ্টা করেছেন— শিক্ষক সমিতির এমন অভিযোগের মধ্যেই অনিবার্য কারণ দেখিয়ে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়েছে। সোমবার সন্ধ্যায় উপাচার্যের বাসভবনের কার্যালয়ে ইউনিট প্রধানদের এক জরুরি সভায় এ সিদ্ধান্ত হয়। জানা যায়, সন্ধ্যা সাড়ে ৭টায় উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আশরাফের সভাপতিত্বে তার বাসভবনের কার্যালয়ে ইউনিট প্রধানদের সভায় ১৭ ও ১৮ নভেম্বরের ভর্তি পরীক্ষা অনিবার্য কারণ দেখিয়ে স্থগিত করা হয়। তবে কবে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে তা ওই সভায় সিদ্ধান্ত হয়নি। 'এ' ইউনিট প্রধান এবং বিজ্ঞান অনুষদের ডিন ড. মো. আবু তাহের সভার বিষয়টি নিশ্চিত করেন। এ বিষয়ে সোমবার রাত ৮টায় উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আশরাফের ব্যক্তিগত মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি বিশ্রামে আছেন বলে বরাবরের মতো এবারও জানান তার বাসভবনের এক কর্মচারী। উল্লেখ্য, উপাচার্যের বিরুদ্ধে নিয়োগ বাণিজ্য, আত্মীয়করণ, বিচারহীনতার সংস্কৃতি চালু, আর্থিক দুর্নীতির অভিযোগে তার বিচার ও অপসারণের দাবিতে ১৬ অক্টোবর থেকে তার কার্যালয়ে তালা ঝুলিয়ে আন্দোলন করছে শিক্ষক সমিতি ও বঙ্গবন্ধু পরিষদ। উপাচার্য ভর্তি পরীক্ষা বানচাল করার চেষ্টা করছেন বলে সোমবার এক মানববন্ধনে অভিযোগ করে শিক্ষক সমিতি।

পরিচালকের কার্যালয়